গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
www.gecp.edu.bd
e-mail:edwardcollegebd@yahoo.com

# ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি:

স্মারক নং-সএক/ তারিখ ০৬/০১০/২০২৫ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের অনলাইনে রেজিস্ট্রেশনের আবেদন সংক্রান্ত নিয়মাবলী ও প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো।

## ১। আবেদনের যোগ্যতা :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত ৩ বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% অথবা গ্রেডিং ও ক্রেডিড পদ্ধতিতে নূন্যতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীকে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয় সমূহ থেকে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিড পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে নূন্যতম জিপিএ ২.০০ পেতে হবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত শিহার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিহার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিহার্থী সার্টিফিকেট কোর্স পরীহায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষে (অনুচ্ছেদ-১ এর 'গ' এ বর্ণিত) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

## ২। আবেদনের তারিখ ও নির্ধারিত ফি:

| | | | |
|---|---|---|---|
| ক) | আবেদন ফরম, ফি জমাদানের রশিদ ও প্রয়োজনীয় কাগজপত্রাদি কলেজে জমাদানের তারিখ | | ০৬/১০/২৫ হতে ২০/১০/২৫ (সকাল ১০ টা হতে দুপুর ০২ টা পর্যন্ত) |
| খ) | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমাদানের জন্য নির্ধারিত ফি - | | ২,৩২০/- (এক হাজার তিনশত বিশ) |
| | জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাওনা | কলেজের পাওনা | |
| | ১.আবেদন ফি = ৫৫০/-<br>২.রেজি: ফি = ১২০০/-<br>৩. শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি = ৫০/-<br>৪. শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি = ১০/-<br>৫. শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি = ১০/-<br>= ১৮২০/- | ১.ইনকোর্স ফি = ৪৫০/-<br>২.ব্যবস্থাপনা ফি = ৫০/-<br>= ৫০০/- | |

ক) ভর্তি ফরম website
(www.nu.ac.bd/admissions )
download

(খ) টাকা জমা দেয়ার নিয়ম

www.edwardcollege.eshiksabd.com website login করবে যার Usser Id এবং Passward হবে edwardstudent, Admission menu তে প্রবেশ করবে।

click for admission form>select group>select department >admission roll>check for admission এ গিয়ে প্রয়োজনীয় তথ্য দিয়ে ফরম পূরন করবে। অতপর বিকাশ/রকেট/নগদ দিয়ে টাকা পেমেন্ট করতে হবে Admission Roll Student Id হিসাবে থাকবে।
পুনরায় লিংক হতে আবেদন পত্র ও পেমেন্ট স্লিপ প্রিন্ট করে প্রয়োজনীয় কাগজপত্রসহ স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

৩। নির্ধারিত বিষয়:

ক) বাংলা, ইংরেজি, দর্শন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান এবং ব্যবস্থাপনা।

৪। আবেদনের নিয়মাবলী :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.admissions.nu.edu.bd অথবা www.nu.edu.bd/admissions এ প্রবেশ করে Master's Tab এ গিয়ে Apply Now (Master's Preli. Private) অপশন থেকে আবেদন ফরম পূরণ করে প্রিন্ট নিতে হবে। ফরমপূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120x150 Pixels, image type: JPG এবং maximum file size: 50KB।

খ) অন-লাইনে পূরণকৃত আবেদন ফরমের ১টি (রঙিন) প্রিন্ট কপি (প্রার্থীর স্বাক্ষরসহ), নির্ধারিত ফি জমাদানের রশিদ এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অত্র কলেজে রেজিস্ট্রেশন কমিটির নিকট জমা দিয়ে রিসিভ কপি সংগ্রহ করতে হবে। অসম্পূর্ণ বা ভুল তথ্য সম্বলিত আবেদন ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।

৫। প্রয়োজনীয় কাগজপত্র (যা অনলাইন প্রিন্ট কপির সাথে সংযুক্ত করে কমিটির নিকট জমা দিতে হবে):

ক) ডিগ্রি (পাস) কোর্স (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষা পাশের সনদপত্র, নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১টি করে।

খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ২টি।

গ) প্রিন্টকৃত আবেদন ফরম কলেজে জমা দেয়ার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

ঘ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।

৬। বিষয়ভিত্তিক পত্র ও পত্রকোড নির্বাচন :

ক) আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনকৃত বিষয়ের পত্র ও পত্রকোড অত্র কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের পঠিত পত্র ও পত্রকোডসমূহ বিবেচিত হবে। বিকল্প পত্র সমূহের ক্ষেত্রেও আবেদনকারী প্রার্থীর বিশেষ পছন্দ বিবেচিত হবে না। আবেদন ফরম জমাদানের দিন আবেদনকারীকে তার বিষয়ের পত্র ও পত্রকোড জেনে নিতে হবে। পরবর্তীতে তার এ সংক্রান্ত কোন দাবী গ্রহণযোগ্য হবে না।

**বি.দ্র.:- আবেদন ফরম জমাদানের সময় অবশ্যই রেজিস্ট্রেশন কমিটির নিকট সকল সনদ ও নম্বরপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।**

প্রতিস্বাক্ষর

(প্রফেসর . মোঃ আব্দুল আউয়াল মিয়া)
অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

০৬/১০/২০২৫
আহবায়ক
প্রফেসর মোঃ ওহিদুর রহমান
মাস্টার্স প্রিলিমিনারী (প্রাইভেট) ভর্তি কমিটি-(২০২২-২৩)
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

স্মারক নং-সএক/

তারিখ: ০৬.১০.২০২৫ খ্রি.

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

১। উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
৩-১৯। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২০। আহ্বায়ক, ওয়েবসাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা। (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)
২১। এরিয়া ম্যানেজার, ডাচ বাংলা ব্যাংক লিমিটেড, পাবনা
২২। হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৩। নোটিশ বোর্ড, অত্র কলেজ।
২৪। অফিস নথি।